

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
www.dss.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৬১০০.০০০.২৩.০০১.১৮.৯৯

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০
০৬ জুলাই ২০২৩

বিষয়: জাতীয় মানবকল্যাণ পদক ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ প্রদানের লক্ষ্যে আবেদন গ্রহণ।

সূত্র: ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৭.২৩.৭৫, তারিখ: ২০ জুন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্বয় স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১. বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের এবং পরিবারহীন বয়স্ক পুরুষদের কল্যাণ ও পুনর্বাসন, ২. প্রান্তিক, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, আত্মনির্ভরশীলকরণ ও কর্মসংস্থান সৃষ্টি, ৩. প্রতিবন্ধী ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ, জীবনমান উন্নয়ন, কর্মসংস্থান, ইনক্লুসিভ শিক্ষা বাস্তবায়ন ও সামাজিক সুরক্ষা, ৪. সুবিধাবঞ্চিত আইনের সংস্পর্শে আসা, আইনের সাথে সংঘাতে জড়িত শিশু, কারামুক্ত কয়েদি, ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তিদের কল্যাণ, উন্নয়ন ও পুনঃএকত্রীকরণ এবং ৫. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের এমন কোনো কর্ম যা সমাজের মানুষের মেধা ও মননের বিকাশ, জীবনমান ও পরিবেশের উন্নয়ন, সমাজবন্ধ মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ও সর্বোপরি মানবকল্যাণ ও মানবতাবোধ সমাজ বা রাষ্ট্রকে ইতিবাচক ভাবে প্রভাবিত করার কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্বল ভূমিকার জন্য ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে ০৫ টি ক্ষেত্রে জাতীয় মানবকল্যাণ পদক প্রদান করা হবে। জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালার ১১ ধারা অনুসারে মনোনয়ন প্রেরণ এবং প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:

কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
ক. মনোনয়ন আহ্বান	৫ জুলাই ২০২৩
খ. জেলা কমিটিতে আবেদন গ্রহণ	৩১ জুলাই ২০২৩
গ. জেলা কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৭ আগস্ট ২০২৩
ঘ. জেলা কমিটি কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ	৩১ আগস্ট ২০২৩
ঙ. মন্ত্রণালয় বা বিভাগ হইতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রত্যাব প্রেরণ	৩১ আগস্ট ২০২৩
চ. জাতীয় বাছাই-বাছাই কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ অক্টোবর ২০২৩
ছ. জাতীয় বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	০১ অক্টোবর ২০২৩
জ. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা	০২ জানুয়ারি ২০২৪

২। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় মানবকল্যাণ পদক প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। জাতীয় মানবকল্যাণ পদক ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট, সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট এবং জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

৩। ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে দরখাস্ত গ্রহণ তার হার্ডকপি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৬-০৭-২০২৩
আঃ কাইয়ুম
উপ পরিচালক
০১৭০৮৪১৪১৪২

dd.mymensingh@dss.gov.bd